

সিগেট
২৭

রাজনীতি নিষিদ্ধ হচ্ছে বঙ্গবন্ধু মেডিকেল বিশ্ববিদ্যালয়ে

বাকী বিস্তার

রোগীদের উন্নত চিকিৎসা সেবা নিশ্চিত করতে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে রাজনীতি নিষিদ্ধ হচ্ছে। এর ফলে জাতীয় রাজনৈতিক দলের অঙ্গ সংগঠনগুলো ক্যাম্পাসে আর কোন রাজনীতি করতে পারবে না।

বঙ্গবন্ধু : পৃঃ ১১ কঃ ২

বঙ্গবন্ধু মেডিকেল

একমাত্র মেডিকেল বিশ্ববিদ্যালয়ে এখন থেকে রোগীদের চিকিৎসা, শিক্ষা ও গবেষণাই হবে প্রধান কাজ। গত শনিবার বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় একাডেমিক কাউন্সিলের বৈঠকে ভোটাভুটির মাধ্যমে এ সিদ্ধান্ত নেয়া হয়। এ সিদ্ধান্তকে আটনে পরিণত করার জন্য শিগগিরই বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট বৈঠক ডাকা হবে। ওই বৈঠকে এ নিয়ম চূড়ান্তভাবে পাস হবে। মেডিকেল বিশ্ববিদ্যালয়ের একাধিক সূত্রে এসব তথ্য জানা গেছে।

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ের ডিন অধ্যাপক মো. তাহির 'সংবাদ'কে জানান, মেডিকেল বিশ্ববিদ্যালয়ে কোন রাজনৈতিক দলের অঙ্গ সংগঠন থাকবে না। সব রাজনীতি নিষিদ্ধ। ক্যাম্পাসে চিকিৎসা, শিক্ষা ও চিকিৎসা কাজে গবেষণার প্রতিযোগিতা হবে। শনিবার একাডেমিক কাউন্সিলে এ ব্যাপারে ভোটাভুটি হয়েছে। গোপন ভোটে একাডেমিক কাউন্সিলের ৩৯ জন শিক্ষক উপস্থিত ছিলেন। এর মধ্যে প্রত্যয়ের পক্ষে ভোট অনুষ্ঠিত হয়। ভোটে ৩৩ জন শিক্ষক রাজনীতি নিষিদ্ধ করার পক্ষে ভোট দেন। আর ৩ জন বিপক্ষে ভোট দেন। অন্য ৩ জন ভোটদানে বিরত থাকেন। এটা মেডিকেল বিশ্ববিদ্যালয়ের জন্য ঐতিহাসিক সিদ্ধান্ত। এ ব্যাপারে আরও কঠোর পদক্ষেপ নেয়ার জন্য কিছুদিনের মধ্যে সিন্ডিকেটের বৈঠক ডাকা হবে।